



BN/01/January-February/2024

BELIEVERS EASTERN CHURCH

Office of the Metropolitan, Synod Secretariat, St. Thomas Community, Thiruvalla, Kerala, India.

পালকীয় পত্র

Janu/ Feb 2024

পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে আমাদের সকল আর্চবিশপ এবং বিশপ, যাজক, ডিকন ফাদার, প্রচারক এবং অর্ডার অফ সিস্টার্স এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইস্টার্ন চার্চের সকল বিসপ্তদিগকে আশীর্বাদ ও শুভেচ্ছা জানাই। আমেন!

খ্রীষ্টতে প্রিয়তমেরা,

খ্রীষ্ট আমাদের সহবর্তী!

আমরা যখন পবিত্র মণ্ডলীর সবচেয়ে গুরুত্বপূর্ণ পর্বের কাছে নিকটবর্তী হইতেছি তখন আপনাদেরকে পত্র লেখার জন্য আমার মনে অপরিমেয় আনন্দ নিয়ে আসে। এটি হল 'মহান লেন্টের পর্ব' যাহা ১১ই ফেব্রুয়ারী থেকে ৩১মার্চ, ২০২৪ পর্যন্ত চলতে থাকবে।

এই পর্বটি উপবাস এবং প্রার্থনার সময় হিসাবে পালন করা হয়, যেখানে বিশ্বস্তরা পৃথিবীতে খ্রীষ্টের শেষ দিনগুলিকে স্মরণ করে যাহা তাঁর মৃত্যু, সমাধি এবং বিজয়ী পুনরুত্থানের দিকে পরিচালিত করে। খ্রীষ্টের অনুসারী এবং তাঁর পবিত্র মণ্ডলীর সদস্যরূপে, আমরা এই পর্বের জন্য অপেক্ষা করি, কারণ এটি আমাদেরকে 'ইস্টারের উৎসব' একটি উপযুক্ত উপায়ে পালন করার জন্য নিজেদের প্রস্তুত করতে সাহায্য করে। এই পর্বের কালে, আমরা আধ্যাত্মিকভাবে পুনর্নবীকরণের জন্য সত্যিকারের নম্রতা এবং ভগ্নতার সাথে আমাদের জীবনকে পরীক্ষা করার জন্য ধীর ও স্থির হতে সুবিবেচনা করা।

তা ছাড়াও, লেন্টের তিনটি স্তম্ভ রয়েছে, যেগুলি চার্চের সমস্ত বিশ্বস্ত সদস্যদের জন্য সঙ্কল্পিত

প্রার্থনা : উপবাসের সময়, আমরা আরও আধিক প্রার্থনা করার জন্য আহ্বত হই। আমরা যত বেশি প্রার্থনা করি, ততই আমরা স্বর্গের মতো আমাদের জীবনে ঈশ্বরের ইচ্ছা পূরণ করতে রূপান্তরিত হই। আমরা প্রার্থনা করি এবং প্রভুর দয়া অন্বেষণ করি আমাদের পাপ ক্ষমা করার জন্য এবং আমাদেরকে তাঁর মতো গড়ে তোলার জন্য যাতে আমরা আমাদের দৈনন্দিন জীবনে ধার্মিকতার ফলের বাহক হতে পারি।

উপবাস : আমাদের কেবল খাদ্য থেকে নয়, পাপপূর্ণ অভ্যাস থেকেও বিরত থাকতে হবে। আমাদের আবেগের কাছে আত্মসমর্পণ করা উচিত নয়, কিন্তু ঈশ্বরের করুণা ও অনুগ্রহে বিজয়ী হয়ে ঐশ্বরিক প্রকৃতির অংশীদার হতে হবে। যেমন আমরা কিছু খাদ্যকে পরিহার করি, তেমনি আসুন নেতিবাচক চিন্তাভাবনা, কথাবার্তা এবং কাজকর্ম থেকেও বিরত থাকি। আপনার বাড়িকে প্রার্থনার পবিত্র স্থানরূপে রূপান্তরিত করে প্রতিফলিত করুন এবং এমন একটি পরিবেশ গড়ে তুলুন যাহা আধ্যাত্মিক বৃদ্ধিকে লালন পালন করে।

দরিদ্রদের প্রতি দান: যেমন যিশাইয় ৫৮:৭ পদে বলে, আমাদের উপবাস ঈশ্বরকে তখনই খুশি করে যখন আমরা দরিদ্র ও নিপীড়িতদের যত্ন নেই। আমরা যখন লেন্টের সময় খাদ্য থেকে উপবাস করি, তখন আমরা অর্থ এবং অন্যান্য বিষয়গুলি সঞ্চয় করতে মনঃস্থির করি যাহাতে আমরা দুঃস্তদের সাথে ভাগ করে নিতে পারি। দুঃস্তদের সাহায্য করার কাজ ঈশ্বরকে খুশি করে। একটি পরিবার এবং একটি মণ্ডলীরূপে এই মহালেন্ট পর্বের সময়ে এই কাজকে অনুশীলন করা যেতে পারে।

মহালেন্ট পর্ব পালনের দুটি অত্যাবশ্যিক অংশ হ'ল আমরা ব্যক্তিগতভাবে যে ক্রিয়াকলাপ গ্রহণ করি এবং মণ্ডলীরূপে আমরা সম্মিলিতভাবে যে ক্রিয়াকলাপ করি। উভয় উপাদানই সমান তাৎপর্য রাখে।

স্বতন্ত্রভাবে, আমরা উপবাসের শৃঙ্খলা , স্ব-মূল্যায়ন এবং প্রার্থনা এবং ধ্যানের ব্যক্তিগত সময়কে অনুসরণ করার প্রতিশ্রুতিবদ্ধ হই। অন্যদিকে, সম্মিলিতভাবে আমাদের জন্য আহ্বান হল আমাদের পরিবারের সাথে মণ্ডলীর লিটারজিক্যাল আরাধনায় অংশগ্রহণ করার চেষ্টা করা। আনন্দের বিষয় হল এই যাত্রায় আমরা একাকী নই। আমাদের মণ্ডলী একটি আধ্যাত্মিক পরিবারে পরিণত হয়, একে অপরকে সাহায্য করে এবং উন্নত করে, কারণ এটিতে আমাদের অংশগ্রহণ করার অঙ্গীকারের মধ্যেই আমরা শক্তি এবং উৎসাহ পাই।

উপরন্তু, আমি আপনাকে নিম্নলিখিত বিষয়গুলির উপর জোর দেওয়ার জন্য অনুরোধ করছি:

১. মণ্ডলীর সমস্ত লেন্ট পর্বের উৎসহগুলি ব্যবহার করুন: পবিত্র সিনড থেকে আপনি মহা লেন্টের দিনগুলির মধ্য দিয়ে আমাদের আত্মিক যাত্রাকে অর্থপূর্ণ করার জন্য প্রতিদিনের শাস্ত্রপাঠ, দৈনিক লেন্ট পর্বের ধ্যান, দৈনিক প্রার্থনার লিটার্জি এবং উপবাসের নির্দেশিকাগুলির মতো বেশ কয়েকটি আধ্যাত্মিক সাহায্য পাবেন।

২. গৃহ প্রার্থনার বেদি: লেন্ট হল প্রার্থনাতে বৃদ্ধি পাওয়ার সময় তাই এটি আমাদের বাড়িতেও হতে হবে। আসুন আমরা নিশ্চিত করি যে লেন্ট পর্বে পারিবারিক বেদি এবং গৃহ প্রার্থনা যেন ব্যর্থ না হয়ে চলতে থাকে।

৩. যীশুর প্রার্থনা করুন: "প্রভু যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, আমার মতো একজন পাপীর প্রতি দয়া করুন," এটি হল একটি প্রার্থনা যাহা আমরা সারাদিন করতে পারি। আপনার যদি প্রার্থনার রজ্জু থাকে তবে এই প্রার্থনাটি যতবার পারেন ততবার করতে পারেন।

আমি কি আমাদের সকলকে পবিত্র মণ্ডলীর এই আমন্ত্রণকে উপেক্ষা না করার জন্য উৎসাহিত করতে পারি! আপনার আত্মিক পিতা হিসাবে, আমিও এই যাত্রায় আপনাদের সাথে যোগ দেব এবং আসুন একসাথে আমাদের প্রভুর আশীর্বাদ পাওয়ার জন্য আন্তরিকভাবে অপেক্ষা করি।

খ্রীষ্ট আমাদের সহবর্তী! তিনি আছেন এবং সর্বদাই থাকবেন, আমেন।

খ্রীষ্টেতে আপনাদের আত্মিক পিতা,



এথেনেসিয়াস ইয়োহান প্রথম মেট্রোপলিটান

১৫ই জানুয়ারী ২০২৪